



## আকাশপথে অস্ট্রেলিয়া ত্যাগ

আকাশপথে অস্ট্রেলিয়া ছেড়ে যাওয়ার জন্য প্রস্তুতি নিলে নিচের পদক্ষেপগুলো অনুসরণ করুন।

### ধাপ 1 - আপনার ভ্রমণের পরিকল্পনা করুন

#### আগাম পরিকল্পনা করুন

অস্ট্রেলিয়া ছেড়ে যাওয়া যাত্রীদেরকে COVID-19-এর বিরুদ্ধে সম্পূর্ণভাবে টিকা গ্রহণ করে এবং টিকা গ্রহণের প্রমাণের নথি সহ ভ্রমণ করার জন্য অস্ট্রেলিয়ান সরকার পরামর্শ দিচ্ছে।

আপনার ভ্রমণ বিলাসিত এবং বাধাগ্রস্থ হলে আপনি কী করবেন তা বিবেচনা করুন।

আপনি যেসকল দেশে ট্রানজিট ও ভ্রমণ করতে চান সেসকল দেশের বর্তমান ভ্রমণ, ভিসা এবং COVID-19 সংক্রান্ত পরামর্শগুলো দেখে নিন। প্রতিটি দেশে প্রবেশের জন্য COVID-19 টিকার প্রয়োজনীয়তা ও পরীক্ষা সহ আলাদা প্রয়োজনীয়তা রয়েছে।

এয়ারলাইন্সের নির্দিষ্ট শর্তাবলীও থাকতে পারে যা আপনাকে পূরণ করতে হবে।

প্রাসঙ্গিক হলে আপনাকে [অস্ট্রেলিয়ায় পুনরায় প্রবেশের](#) জন্য কী করতে হবে তা যাচাই করুন।

### ধাপ 2 - আপনার ভ্রমণের বিকল্পগুলো পরীক্ষা করুন

সমগ্র অস্ট্রেলিয়ার বড় বড় বিমানবন্দরগুলো থেকে বাণিজ্যিক ফ্লাইট উপলভ্য রয়েছে।

### ধাপ 3 - আপনার ভ্রমণের বুকিং করুন

## ধাপ 4 - ভ্রমণের জন্য প্রস্তুতি গ্রহণ করুন

আপনার ফ্লাইটের জন্য চেক-ইন করলে এয়ারলাইন কর্মীরা আপনাকে যা যা দেখাতে বলবে:

- পাসপোর্ট
- বোর্ডিং পাস

আন্তর্জাতিক ভ্রমণের উদ্দেশ্যে আপনি সম্পূর্ণরূপে টিকাপ্রাপ্ত হওয়ার অস্ট্রেলিয়ার শর্ত পূরণ করেন কি না সে প্রমাণ দেখাতেও বলা হতে পারে।

## ধাপ 5 - যখন আপনি বিদেশে থাকেন

### **আপডেট থাকুন**

আপনি যদি পুনরায় অস্ট্রেলিয়ায় প্রবেশ করতে চান, তবে অস্ট্রেলিয়ায় প্রবেশের জন্য প্রয়োজনীয় বিষয়গুলো আপনাকে নিয়মিতভাবে যাচাই করতে হবে। আপনার ভ্রমণের সময় এগুলো পরিবর্তন হতে পারে।